ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

**13 September 2026** **7:45 PM IST**

==================================================================

১) মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার যোরহাটে আয়োজিত রাজ্যের জেলা আয়ুক্তদের সম্মেলনে অংশগ্রহণ ।

২) নগাঁও লোকসভা আসনের উপনির্বাচনের মনোনয়নপত্র দাখিল প্রক্রিয়া শেষ হতে আর মাত্র দুদিন বাকী থাকায় রাজনৈতিক দলসমুহের নির্বাচনকে কেন্দ্র করে তৎপরতা অব্যাহত ।

৩) রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা দক্ষিণ করিমগঞ্জের প্রাক্তন বিধায়ক সিদ্দেক আহমেদের জীবনাবসান / মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা ,মন্ত্রী কৌশিক রাইয়ের শোক প্রকাশ ।

৪) সন্তোষ মোহন দেব স্মৃতি অনুর্দ্ধ ১৯ নকআউট ফুটবল প্রতিযোগিতার উধারবন্দ জোনের আজ ফাইনাল খেলায় লক্ষীপুর ল্যান্ডলর্ড ক্লাব বিজয়ী ।

এবং

৫) মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগিতার ফাইনালে জামালপুর এফ সি চ্যাম্পিয়ন ।

..................................................................

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ যোরহাটের নব নির্মিত জেলা আয়ুক্তের কার্যালয়ে রাজ্যের জেলা আয়ুক্তদের দুদিন ব্যাপী সম্মেলনে অংশগ্রহণ করেন । বৈঠকে প্রত্যেকটি জেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজকর্মের বিস্তৃত পর্যালোচনা করা হবে ।মুখ্যমন্ত্রী এর আগে যোরহাটের চিনামরায় নবনির্মিত জেলা আয়ুক্তের কার্যালয়টি উদ্বোধন করেন ।মুখ্যমন্ত্রী চিনামরায় একটি রেলের উড়াল সেতুও উদ্বোধন করেন । যোরহাট - মরিয়ানি - মোককচাং পথের ওপর ৬৫ কোটি ২০ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত দুইলেন যুক্ত এই রেলওয়ে উড়াল সেতুটির মোট দৈর্ঘ্য ৫৪৫ মিটার । মুখ্যমন্ত্রী ডঃ শর্মা আজ শিসাগর বিশ্ববিদ্যালয়ে নবনির্মিত ছাত্রীনিবাস ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে উদ্বোধন করেন । রাজ্যসরকারের ১২২ কোটি টাকার বৃহৎ পরিকাঠামো উন্নয়ন প্যাকেজের অংশ হিসেবে ২ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয়ে এই ছাত্রীনিবাস নির্মাণ করা হয়েছে ।এই ছাত্রীনিবাসটিতে ৮০ জন ছাত্রী থাকার সুবিধা রয়েছে ।

---

নগাঁও লোকসভা কেন্দ্রের উপ-নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিল প্রক্রিয়া শেষ হতে আর মাত্র দুদিন বাকী থাকা অবস্থায় রাজনৈতিক দলসমূহ নির্বাচনকে নিয়ে তৎপরতা অব্যাহত রেখেছে । আজ বিজেপির নগাঁও জেলার অর্ন্তগত সামগুড়ি কেন্দ্রের গড়াজান মন্ডলের উদ্যোগে যোগদান কার্যসূচী ও জনসভা অনুষ্ঠিত হয় । এই সভায় মন্ত্রী পীযুষ হাজারিকা , প্রাক্তন সাংসদ তথা বিধায়ক প্রদ্যুত বরদলৈ সহ বেশ কয়েকজন প্রবীণ নেতা উপস্থিত ছিলেন ।

উল্লেখ্য আগামী ৬ অক্টোবর নগাঁও লোকসভা কেন্দ্রের উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে । এই নির্বাচনের জন্য ইচ্ছুক প্রার্থীরা আগামী ১৬ সেপ্টেম্বর পর্যন্ত মনোনয়নপত্র দাখিল করতে পারবেন । আগামী ৯ অক্টোবর ভোটগণনা করা হবে । বিজেপি উপ-নির্বাচনের জন্য নগাঁওয়ের প্রাক্তন জেলা আয়ুক্ত দেবাশীষ শর্মাকে প্রার্থী হিসেবে ঘোষণা করেছে । এই ইউ ডি এফ ও ইতিমধ্যে রেজাউল করিম সরকরাকে প্রার্থীত্ব প্রদান করেছে । এদিকে কংগ্রেস দল এপর্যন্ত প্রার্থীর নাম ঘোষনা করেনি এবং শীঘ্র প্রার্থীর নাম ঘোষণা করবে বলে দলীয় সূত্রে জানানো হয়েছে ।

.................................................................................................

রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা দক্ষিণ করিমগঞ্জের প্রাক্তন বিধায়ক সিদ্দেক আহমেদ দীর্ঘদিন ক্যানসারের সঙ্গে লড়াই করে আজ সকালে শ্রীভূমি জেলার বারইগ্রামে নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন । বয়স হয়েছিলো ৬৪ । আজ বিকেল সাড়ে ৪ টায় চেরাগী বাজার ইদগাহ ময়দানে তাঁর জানাজার নামাজ অনুষ্ঠিত হয় । এতে উপস্থিত ছিলেন সোনাই কেন্দ্রের বিধায়ক আমিনুল হক, দক্ষিণ করিমগঞ্জের বিধায়ক আমিনুর রশিদ চৌধুরী ,আলগাপুর-কাঞ্চনপুর জেলা পরিষদ সদস্য আফতাব উদ্দন ,আলগাপুর-কাটলীছড়ার বিধায়ক জুবাইর আনামের প্রতিনিধি সহ অন্যান্যরা অংশ নেন । এছাড়াও বিজেপি নেত্রী শিপ্রাগুণ সহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতা ও বিশিষ্ট ব্যাক্তিরা প্রয়াত সিদ্দেক আহমেদের বাসভবনে গিয়ে তাঁকে শেষ শ্রদ্ধা জানান ।
উল্লেখ্য বরাক উপত্যকার বিশিষ্ট রাজনৈতিক ব্যাক্তিত্ব সিদ্দেক আহমেদ দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা কেন্দ্র থেকে একাধিকবার বিধায়ক নির্বাচিত হয়েছিলেন । প্রাক্তন মূখ্যমন্ত্রী তরুন গগৈর মন্ত্রীসভায়ও তিনি গুরুত্বপূর্ণ

দায়িত্ব পালন করেন । ২০১১ সাল থেকে ২০১৪ সাল পর্যন্ত তিনি সমবায় ও সীমান্ত এলাকা উন্নয়ন দপ্তরের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন । পরবর্তীতে তিনি ক্যাবিনেট মন্ত্রী হিসেবে শিল্প ও বাণিজ্য ,বিদ্যুত এবং রাষ্ট্রায়ত্ব সংস্থা সহ একাধিক দপ্তরের দায়িত্ব পালন করেন

আসামের মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সিদ্দেক আহমেদের প্রয়াণে গভীর শোকপ্রকাশ করেছেন । সামাজিক মাধ্যমে এক শোকবার্তায় সিদ্দেক আহমেদকে তাঁর বহু বছরের বন্ধু বন্ধু ও সতীর্থ হিসেবে উল্লেখ করে বলেন যে জনদরদী বিধায়ক হিসেবে সিদ্দেক আহমেদ সর্বদা মানুষের কল্যাণে অগ্রাধিকার দিয়েছেন । দায়িত্বশীল মন্ত্রী হিসেবেও তিনি তাঁর দায়িত্ব প্রাপ্ত দপ্তর অত্যন্ত নিষ্ঠার সঙ্গে পরিচালনা করেছেন বলেও মূখ্যমন্ত্রী উল্লেখ করেন । শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করে ড.শর্মা  পরিবারের সদস্যদের এই কঠিন সময়ে শক্তি দেবার জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করেন ।

রাজ্যের খাদ্য গ্রাহক পরিক্রমা ও নগরোন্নয়ন মন্ত্রী কৌশিক রাই এক শোকবার্তায় বলেন----

------বাইট---

এদিকে হাইলাকান্দির বিধায়ক ড.মিলন দাস সিদ্দেক আহমেদের প্রয়াণে শোক ব্যাক্ত করে বলেন

--- বাইট----

.................................................................................

মিজোরামে ট্রেন পরিষেবা যাত্রার এক বছর পূর্ন হয়েছে । গত বছরের ১৩ই সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৫১ দশমিক ৩-৮ কিলোমিটার ভৈরবী-সাইরাং যাত্রী ট্রেন পরিষেবার উদ্বোধন করেছিলেন । এদিকে আজ এক বছর

পূর্তী উপলক্ষ্যে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ উত্তর-পূর্ব সীমান্ত রেলের কর্মী, আধিকারীক সহ রেল যাত্রীদের শুভেচ্ছা জানিয়েছেন ।

.................................................................................................................................

বরাক ভ্যালী চা যুব কল্যান সমিতির উদ্যোগে এবং শিলচর ইন্ডিয়া ক্লাবের ১২৫ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত সন্তোষ মোহন দেব স্মৃতি অনুর্ধ-১৯ নক আউট ফুটবল প্রতিযোগীতার উধারবন্দ জোনের আজ ফাইনাল খেলায় লক্ষীপুর ল্যান্ডলর্ড ক্লাব৩-০ গোলের ব্যবধানে কুম্ভীরগ্রাম চা বাগান ফুটবল দলকে পরাজিত করেছে । বরশিঙ্গা চা বাগানের খেলার মাঠে আয়োজিত আজকের ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসেবে জেলা ক্রীড়া সংস্থার কর্মকর্তা বাবুল হোড় , প্রাক্তন ক্রীড়া আধিকারীক বদর উদ্দীন মজুমদার ,চা যুব কল্যান সমিতির সভাপতি লালন প্রসাদ গোয়ালা প্রমূখ উপস্থিত ছিলেন । প্রতিযোগীতার আজকের ফাইনাল খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হল স্যামুয়েল । আজ বিজয়ী দলের হাতে ট্রফি সহ নগদ ১০ হাজার টাকা এবং রানার্স আপ দলকে ট্রফি সহ নগদ পাঁচ হাজার টাকা প্রদান করা হয়েছে ।

.................................................................................................................................

মাতৃভূমি কাপ প্রাইজমানি নকআউট ফুটবল প্রতিযোগিতা ২০২৬ এর মেগা ফাইনালে জামালপুর এফ সি চ্যাম্পিয়নের খেতাব অর্জন করেছে । আজ তারা প্রতিপক্ষ ইসলামাবাদ দলকে টাইব্রেকারে ৪-৩ গোলের ব্যবধানে পরাজিত করে খেতাব দখল করেছে । নির্ধারিত সময়ের শেষে উভয় দল ১-১ গোলে সমতায় থাকে ।পরে টাইব্রেকারের মাধ্যমে জামালপুর এফ সি জয়লাভ করে । চ্যাম্পিয়ন জামালপুর এফ সি লাভ করেছে সুশান্ত রঞ্জন দত্ত মেমোরিয়েল ট্রফি সহ নগদ ৬০

হাজার টাকা এবং রানার্স আপ ইসলামাবাদ পেয়েছে স্বপন কুমার বর্মন মেমোরিয়েল ট্রফি সহ নগদ ৪০ হাজার টাকা । ফাইনাল খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন জামালপুর দলের গোলরক্ষক সনাতন ।

এদিকে আজকের ফানাল খেলায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্থ , সাংসদ পরিমল শুক্লবৈদ্য , ধলাইর বিধায়ক অমিয় কান্তি দাস , বিজেপির কাছাড় জেলা সভাপতি রূপম সাহা প্রমুখ ।

---

হাইলাকান্দি জেলার খাদ্য , সরবরাহ ও গ্রাহক পরিক্রমা বিভাগের পক্ষ থেকে আগামী ১৭ই সেপ্টেম্বর সন্ধ্যা সাতটায় জেলার সব নায্য মূল্যের দোকান এবং এল পি জি পরিবেশক সংস্থাগুলিকে নিজেদের বাড়ি এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানের সামনে মাটির প্রদীপ জ্বালিয়ে সেবা সংকল্প অভিযান পালন করতে আহ্বান জানানো হয়েছে । বিভাগের পক্ষ থেকে এল পি জি পরিবেশক এবং নায্যমূল্যের দোকান মালিক সংস্থাগুলিকে নিজেদের এলাকার জাতীয় খাদ্য সুরক্ষা আইনের হিতাধিকারী এবং এল পি জি গ্রাহকদের মধ্যে সচেতনতা তৈরী করতেও বলা হয়েছে ।